দামুড়হুদায় মাথাভাঙ্গা নদীতে ভাসমান অবস্থায় প্রতিবন্ধীর লাশ উদ্ধার

দামুড়হুদা থানাধীন দশমীপাড়ার সরকারি পাইলট হাইস্কুলের পিছনে মাথাভাঙ্গা নদীতে ভাসমান অবস্থায় এজিনা আক্তার এজি (৪০) নামে এক জনের লাশ উদ্ধার করেছে মডেল থানা পুলিশ।

আজ শুক্রবার সকাল ৭টার দিকে। নিহত এজিনা আক্তার এজি চুয়াডাঙ্গা হাটকালুগঞ্জ গ্রামের রুস্তম মল্লিকের মেয়ে।

থানা সূত্রে জানা গেছে গত ৩১ আগষ্ট বৃহস্পতিবার সন্ধ্যা ৬টার দিকে নিহত এজিনা আক্তার এজি জন্মগত ভাবে প্রতিবন্ধী পরিবারের কাউকে কিছু না বলে বাড়ি থেকে বের হয়ে আর বাড়ি ফিরে না যাওয়ায় পরিবারের লোকজন খোঁজাখুঁজি করতে থাকে।পরের দিন শুক্রবার সকালে দামুড়হুদা সরকারি পাইলট হাইস্কুলের পিছনে মাথাভাঙ্গা নদীতে ভাসমান অবস্থায় পাওয়া যায়।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির সত্যতা নিশ্চিত করে জানান দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের পেছনে মাথাভাঙ্গা নদী থেকে একজনের লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে। থানায় একটি অপমৃত্য মামলা হয়েছে।